# মা-বাবা ও কেয়ারারদের জন্য তথ্য পত্র/গোপনীয়তার নীতি

## Place2Talk [প্লেস2টক]

### *মা-বাবা ও কেয়ারারদের প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্ন*

1. ***Place2Talk বলতে কী বোঝায়?***

Place2Be-এর সহায়তাসমূহের সবচেয়ে জনপ্রিয় দিকগুলোর মধ্যে একটি দিক হলো 'Place2Talk'. এটি সকল শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত, এবং তারা প্রত্যেকে নিজে নিজে বা একজন বন্ধুকে সাথে নিয়ে একজন প্রশিক্ষিত কাউন্সেলরের সাথে 15 মিনিট সময় কাটানোর জন্য একটি অ্যাপয়েন্টমেন্ট নিতে পারে। গড়ে প্রায় এক-তৃতীয়াংশ শিক্ষার্থী যারা স্কুলে এই সার্ভিসে প্রবেশ করে, তারা প্রতি বছর এই সার্ভিস থেকে সুবিধা নেয়। শিক্ষার্থীরা প্রায়ই তাদের বন্ধুত্ব বা তাদের যে কোনো উদ্বেগ নিয়ে কথা বলে।

2. ***কে Place2Talk-এর সেশন পরিচালনা করেন?***

*Place2Be-এর স্কুলের প্রজেক্ট ম্যানেজার (SPM) এবং Place2Be-এর কাউন্সেলররা।*[1]

Place2Be হলো ব্রিটিশ অ্যাসোসিয়েশন অব কাউন্সেলিং অ্যান্ড সাইকোথেরাপির একটি প্রাতিষ্ঠানিক সদস্য। এর মানে হল আমাদের SPM [স্কুলের প্রজেক্ট ম্যানেজার ] ও Place2Be-এর কাউন্সেলরগন তাদের ব্যক্তিগত ও পেশাগত প্র্যাকটিসের সর্বোচ্চ মান বজায় রাখতে প্রতিশ্রুতিবদ্ধ এবং তারা প্রতিষ্ঠানের নৈতিক কাঠামো ও নৈতিক নির্দেশনার সাথে সঙ্গতি রেখে কাজ করেন।

3. ***আপনার সন্তানের কাউন্সেলর কে হবেন, যিনি Place2Talk সেশন সম্পর্কে কথা বলবেন?***

শিশুদের সুরক্ষিত রাখা এবং প্রয়োজন অনুযায়ী সুরক্ষা পদ্ধতি অনুসরণ করা হলো Place2Be-এর দায়িত্ব, এছাড়া অন্যথায়, আমরা কখনই তৃতীয় পক্ষের কাছে আপনার সন্তানের তথ্য প্রকাশ করব না।

---

[1] এরা সহকারী স্কুলের একজন প্রজেক্ট ম্যানেজার বা মানসিক স্বাস্থ্য প্র্যাকটিশনার হতে পারেন




রাজকীয় পৃষ্ঠপোষক এইচআরএইচ দ্য ডাচেস অব কেমব্রিজ

নিবন্ধিত অফিস: Place2Be, 175 St John St, Clerkenwell, London EC1V 4LW, 020 7923 5500
ইংল্যান্ড এবং ওয়েলসে নিবন্ধিত দাতব্য সংস্থা (1040756) এবং স্কটল্যান্ডে (SC038649)
ইংল্যান্ড এবং ওয়েলসে নিবন্ধিত কোম্পানি (02876150)

Registered with FUNDRAISING REGULATOR

Classified - General

4. ***Place2Be-এর মূল্যায়ন বলতে কী বোঝায় এবং কেন এটি গুরুত্বপূর্ণ?***

আমরা যে সবশিশুদের সহায়তা করি, Place2Be-এর মূল্যায়নে তাদের একটি *সামগ্রিক* চিত্র প্রদান করা হয় – তবে কোনো রিপোর্টে আপনার সন্তানকে শনাক্ত করা যাবে না।

আমাদের কার্যকারিতা মূল্যায়ন করার জন্য Place2Be তথ্য সংগ্রহ করে এবং কীভাবে শিশু ও পরিবারকে সম্ভাব্য সর্বোত্তম সেবা দেওয়া যায়, সে সম্পর্কে শিক্ষা লাভ করে। Place2Be যাতে ভালভাবে কাজ করতে পারে, সেজন্য আমাদের সাপোর্ট শিশুদের মানসিক সুস্থতা, তাদের শিক্ষা লাভ ও পড়াশুনার অগ্রগতিতে কীভাবে সহায়তা করে, তা আমাদের খুঁজে বের করতে হয়, এর ফলে আমরা শিখতে পারি এবং আমাদের সেবার মান উন্নত করতে পারি।

প্রতি বছর Place2Be তার সার্ভিসের মাধ্যমে সহায়তা দেওয়া শিশুদের সংখ্যা, Place2Be-এ আসা শিশুদের প্রয়োজনীয়তা এবং সার্ভিস দেওয়ার ফলে শিশুদের সুস্থতা ও শিক্ষার উপর যে প্রভাব পড়ে, সে সম্পর্কে রিপোর্ট করে। এই রিপোর্ট আমাদের ওয়েবসাইটে প্রকাশিত হয়:
http://www.place2be.org.uk/impact-evidence/our-impact/

5. ***Place2Be-এর মূল্যায়নে আপনার সন্তানের কী কী তথ্য অন্তর্ভুক্ত করা হয়?***

Place2Be স্কুল/অবস্থান থেকে নিম্নলিখিত তথ্য সংগ্রহ করেঃ শিশুর নাম, জন্ম তারিখ, ইয়ার গ্রুপ [বর্ষের গ্রুপ], লিঙ্গ এবং জাতিগত পরিচয়। আমরা সমতার নীতিকে উৎসাহিত করার জন্য বা বজায় রাখার জন্য সমান সুযোগ-সুবিধা চিহ্নিত করা এবং পর্যালোচনাধীন রাখার উদ্দেশ্যে জাতিগত নৃগোষ্ঠীর তথ্য সংগ্রহ করি। তারপর আমরা শিশুদের অ্যাপয়েন্টমেন্টের সংক্ষিপ্ত বিবরণ এবং আলোচিত বিষয়গুলো রেকর্ড করি, সেই সাথে সেশনে কোনো পদক্ষেপ নেওয়ার বিষয়ে সুপারিশ করা হলে, তাও রেকর্ড করি।

যদি আপনার সন্তানকে Place2Be-এর নির্ধারিত লক্ষ্যস্থিরকৃত সার্ভিসে রেফার করা হয়, তবে রেফারেলের অংশ হিসেবে অতিরিক্ত তথ্য সংগ্রহ করা হবে। আমরা যে ধরণের তথ্য সংগ্রহ করি, তার সম্পূর্ণ বিবরণ আপনি আমাদের এই ওয়েবসাইট দেখতে পাবেনঃ https://www.place2be.org.uk/impact-evidence/how-we-measure-impact.aspx

আমরা ৬ বছর যাবত তথ্য সংরক্ষিত রাখি এবং তারপর এটি ধ্বংস করা হয়।

6. ***আপনার সন্তানের তথ্য কি গোপনীয়?***

হ্যাঁ। আপনার সন্তানের নাম আমাদের গবেষণা তথ্যে থাকবে *না*।/আপনার সন্তানের তথ্য নিরাপদে সংরক্ষণ করা হবে।

7. ***তথ্য সুরক্ষা আইন 2018 (DPA) এবং সাধারণ তথ্য সুরক্ষা নিয়ন্ত্রণ আইন (GDPR) কী?***

তথ্য সুরক্ষা আইন 2018 (DPA) এবং সাধারণ তথ্য সুরক্ষা নিয়ন্ত্রণ আইন (GDPR) লোকজনকে তাদের ব্যক্তিগত তথ্যের (ডাটা) উপর নিজেদের নিয়ন্ত্রণের নিশ্চয়তা দেয় এবং যে সব সংস্থার কাছে মানুষের ব্যক্তিগত তথ্য থাকে, সেসব সংস্থাকে মানুষের ব্যক্তিগত তথ্য আইনানুগ এবং স্বচ্ছ উপায়ে কাজে লাগাতে হয়। GDPR এবং DPA 2018-এর আইন অনুযায়ী Place2Be কাজ করে, এক্ষেত্রে মানুষের ব্যক্তিগত তথ্য, যেমন, নাম বা জন্ম তারিখ আইনত সংগ্রহ করা হয়, এগুলো নিরাপদে সংরক্ষণ করে রাখা হয় এবং ব্যক্তির অনুমতি ছাড়া অন্য লোকদের বা সংস্থার কাছে হস্তান্তর করা হয় না।

8. **আমরা কীভাবে আপনার সন্তানের তথ্য সংরক্ষণ করে রাখবো?**



রাজকীয় পৃষ্ঠপোষক
এইচআরএইচ দ্য ডাচেস অব কেমব্রিজ

নিবন্ধিত অফিস: Place2Be, 175 St John St, Clerkenwell, London EC1V 4LW, 020 7923 5500
ইংল্যান্ড এবং ওয়েলসে নিবন্ধিত দাতব্য সংস্থা (1040756) এবং স্কটল্যান্ডে (SC038649)
ইংল্যান্ড এবং ওয়েলসে নিবন্ধিত কোম্পানি (02876150)

Registered with FUNDRAISING REGULATOR

Classified - General

আমরা আপনার সন্তানের তথ্য সুরক্ষিত করে রাখার বিষয়ে যত্নশীল। আমাদের নীতি এবং সিস্টেম নিশ্চিত করে যে, যে সব ব্যক্তির আপনার সন্তানের তথ্য দেখার কথা নয়, তারা সেই তথ্য দেখতে পারবে না। এটি তথ্যের ক্ষতি বা অপব্যবহারও রোধ করে।

আমাদের কাছে সংরক্ষিত ব্যক্তিগত তথ্য রক্ষা করার জন্য আমরা যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে প্রতিশ্রুতিবদ্ধ। আমরা অনেকগুলো ব্যবস্থা গ্রহণ করে এটি করি, এই ব্যবস্থাসমূহের মধ্যে রয়েছে তথ্য নিরাপদ রাখতে পাসওয়ার্ড-সুরক্ষিত ডাটাবেসে তথ্য সংরক্ষিত রাখা, এগুলোতে কেবলমাত্র তারাই অ্যাক্সেস করতে পারবেন - যাদের আপনার সন্তানকে সার্ভিস দেওয়ার লক্ষ্যে আপনার সন্তানের তথ্য দেখার প্রয়োজন রয়েছে।

## 9. আমরা কেন আপনার সন্তানের তথ্য সংগ্রহ করার জন্য সম্মতি চাইনি?

আমরা এমন সার্ভিস দেওয়ার লক্ষ্য রাখি, যা স্কুল/স্থানের যে কোন শিশু তাদের ইচ্ছা অনুযায়ী সেই সার্ভিস পায়। Place2Talk হল একটি মূল্যবান সেলফ-রেফারেল [নিজেই নিজের জন্য ব্যবস্থা নেওয়ার সুপারিশ] সাপোর্ট সার্ভিস, যা অ্যাক্সেসযোগ্য হওয়ার মাধ্যমে স্টিগমা [নেতিবাচক ও অন্যায্য বিশ্বাস] কমায়। যে শিশুর মা-বাবা/কেয়ারার তাদের সন্তানকে Place2Talk ব্যবহার করতে অনুমতি দিবেন, সেই সব শিশু Place2Talk-এ উপস্থিত হতে পারবে। এই পরিস্থিতিতে, একটি শিশুর তথ্য রেকর্ড বা সংরক্ষণ বা মূল্যায়ন করার জন্য মা-বাবার সম্মতির প্রয়োজন হয় না, কারণ অন্যান্য আইনগত সুরক্ষা নিশ্চিত করে যে, ন্যূনতম তথ্য সংগ্রহ করা হয় এবং যে সব শিশু এই সার্ভিস ব্যবহার করে, তাদের প্রতি সম্মান ও সুরক্ষার নিশ্চয়তা দিয়ে তাদের তথ্য ব্যবহার করা হয়।

## *10. আপনার সন্তানের তথ্য সংগ্রহের ব্যাপারে আমাদের আইনি ভিত্তি কী?*

GDPR-এর বিধান অনুযায়ী ব্যক্তিগত তথ্য প্রক্রিয়াকরণের জন্য আমাদেরকে ৬টির মধ্যে ১টি আইনি ভিত্তি চিহ্নিত করতে হবে। আমরা আমাদের আইনি ভিত্তিকে নিচে প্রদত্ত ব্যাখ্যা অনুযায়ী "বৈধ স্বার্থ" হিসেবে চিহ্নিত করেছি। তদানুযায়ী আপনার সন্তানের তথ্য প্রক্রিয়া করার জন্য আমাদের সম্মতির (বা মা-বাবার সম্মতির) উপর নির্ভর করতে হবে না, কারণ বিশেষ করে আমরা একটি শিশুকে সরাসরি কাউন্সেলিং সার্ভিস দিয়ে যাচ্ছি। এটি যুক্তরাজ্যে তথ্য সুরক্ষা আইন কার্যকরী প্রতিষ্ঠান তথ্য কমিশনারের অফিস (ICO)-এর নির্দেশনার সাথে সঙ্গতিপূর্ণ। এছাড়া এটি ব্রিটিশ অ্যাসোসিয়েশন অফ কাউন্সেলিং অ্যান্ড সাইকোথেরাপি (BACP)-এর দিক-নির্দেশনার সাথেও সঙ্গতিপূর্ণ।

আপনার সন্তান যদি দুটি কারণে কাউন্সেলিং সেশনে আসে, তবে আমরা তার তথ্য রেকর্ড, সংরক্ষণ এবং মূল্যায়ন করি:

- আপনার সন্তান কাউন্সেলিং সহায়তা নেওয়ার ক্ষেত্রে আমরা তার স্বার্থ রক্ষা করছি এবং এক্ষেত্রে শুধুমাত্র প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা হয় (ব্যক্তিগত তথ্য প্রক্রিয়াকরণে এর আইনি ভিত্তিকে "**বৈধ স্বার্থ**" বলা হয়); এবং
- তথ্য রেকর্ড করার অর্থ হল আপনার সন্তান তার **স্বাস্থ্য এবং সোশ্যাল কেয়ারের** জন্য একটি সার্ভিসে অ্যাক্সেস করতে পারে (এটি যেকোন সংবেদনশীল বা "বিশেষ শ্রেণীর" ব্যক্তিগত তথ্যের ব্যাপারে আরও একটি বৈধ ভিত্তি)।

Place2Be হলো BACP-এর প্রাতিষ্ঠানিক সদস্য। এর অর্থ হলো, আমাদের স্টাফরা আমাদের প্রতিষ্ঠানের নৈতিক কাঠামো এবং নৈতিক নির্দেশিকা অনুসারে কাজ করেন, তাই তারা আপনার সন্তানের তথ্য গোপনীয় রাখবে। এছাড়া আমরা গবেষণা এবং পরিসংখ্যানগত উদ্দেশ্যে আপনার সন্তানের কিছু তথ্য ব্যবহার করতে পারি, কারণ আমরা ছদ্মনামে (অর্থাৎ সাংকেতিক) তথ্য ব্যবহার করি এবং আপনার সন্তানের নাম মুছে ফেলা হবে। এছাড়া আমরা সমান সুযোগ-সুবিধা নীতি মানতে এবং তাদের কাউন্সেলিং পর্যবেক্ষণ করার জন্যও কিছু তথ্য ব্যবহার করি।



রাজকীয় পৃষ্ঠপোষক
এইচআরএইচ দ্য ডাচেস
অব কেমব্রিজ

নিবন্ধিত অফিস: Place2Be, 175 St John St, Clerkenwell, London EC1V 4LW, 020 7923 5500
ইংল্যান্ড এবং ওয়েলসে নিবন্ধিত দাতব্য সংস্থা (1040756) এবং স্কটল্যান্ডে (SC038649)
ইংল্যান্ড এবং ওয়েলসে নিবন্ধিত কোম্পানি (02876150)

Registered with FUNDRAISING REGULATOR

Classified - General

## 11. আপনার সন্তান Place2Talk-এ অংশগ্রহণ করবে না মর্মে আপনি কি অনুরোধ করতে পারবেন?

হ্যাঁ। আপনি Place2Be-এর পক্ষে স্কুলের প্রজেক্ট ম্যানেজার বা Place2Be-এর কাউন্সেলরের কাছে এই তথ্যের সাথে থাকা স্লিপটি পূরণ করে ফেরত দিয়ে আপনার সন্তানকে না দেখতে আমাদেরকে অনুরোধ করতে পারেন। যদি কোনো শিশুর বয়স 12+ হয় এবং Place2Talk-এ যোগ দিতে চায়, তাহলে আমরা সেই অনুরোধটিকে তাদের গিলিক কম্পিটেন্সের [16 বছরের কম বয়সী শিশুর প্রাসঙ্গিক বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা] সাথে সামঞ্জস্য রেখে বিবেচনা করে দেখবো যে, তারা এই অনুরোধ করতে সক্ষম কিনা এবং স্কুল/অবস্থানের সাথে আলোচনা করবো।

আপনি Place2Be-এর স্কুলের প্রোজেক্ট ম্যানাজার বা Place2Be-এর কাউন্সেলরের সাথে কথা বলে, অথবা privacy@place2be.org.uk ইমেইল ঠিকানায় একটি ইমেল পাঠিয়ে যেকোনো সময় আপনার সম্মতি প্রত্যাহার করতে পারবেন।.

আমরা আপনার ইমেল পাওয়া মাত্র আমাদের প্রদত্ত Place2Talk সহায়তা করা বন্ধ করে দেব।

## 12. আপনি কি আপনার সন্তান সম্পর্কে সংরক্ষিত তথ্যের জন্য অনুরোধ করতে পারেন?

আপনি যেকোনো সময় আমাদের কাছে সংরক্ষিত আপনার সন্তানের কী কী তথ্য আছে, তা জানাতে করতে অনুরোধ করতে পারেন, এছাড়া এই ধরনের তথ্য সংশোধন, আপডেট বা মুছে ফেলার জন্যও আপনি আমাদের অনুরোধ করতে পারেন। এটি সাবজেক্ট অ্যাক্সেসের রিকুয়েস্ট [বিষয় অ্যাক্সেসের অনুরোধ] নামে পরিচিত এবং এক্ষেত্রে সব অনুরোধ যুক্তরাজ্যের GDPR এবং DPA 2018-এর বিধানের সাথে সামঞ্জস্যপূর্ণ থাকার বিষয়টি আমরা নিশ্চিত করবো। এটি লক্ষ্য করা গুরুত্বপূর্ণ যে, এমনকি যদি কোন শিশু সাবজেক্ট অ্যাক্সেসের অধিকার বোঝার জন্য খুব কম বয়সী হয়, তবুও তাদের সম্পর্কে সংরক্ষিত তথ্য তাদের ব্যক্তিগত তথ্য এবং এটি অন্য কারো, যেমন মা-বাবা বা অভিভাবকের নয়। এজন্য আমরা প্রতিটি ক্ষেত্রে এটি শিশুর সর্বোত্তম স্বার্থে কিনা, তা মূল্যায়ন করি। অল্পবয়সী শিশুদের ক্ষেত্রে, এই অধিকারগুলো তাদের পক্ষে তাদের মা-বাবার দায়িত্ব পালনকারী ব্যক্তি কর্তৃক প্রয়োগ করা হতে পারে। আপনি যদি আপনার সন্তানের তথ্যের জন্য অনুরোধ করেন, তাহলে আপনাকে আপনার সন্তানের বাবা-মায়ের দায়িত্ব পালনকারী হিসেবে প্রমাণ দেওয়ার প্রয়োজন হবে।

এক্ষেত্রে শিশুটি তার অধিকার বোঝার জন্য যথেষ্ট পরিপক্ক কিনা, আমরা তা বিবেচনা করব। এসময় যদি তারা যোগ্য বলে বিবেচিত হয়, তবে আমরা সাড়া দেব অথবা শিশুটির সাথে পরামর্শ করব বা আপনার কাছে তথ্য প্রকাশের জন্য আপনার সন্তানের সম্মতি চাইব (বাবা-মায়ের দায়িত্ব পালনকারী হলে)।

আপনি Place2Be-এর স্কুলের প্রোজেক্ট ম্যানাজার বা Place2Be-এর কাউন্সেলরের সাথে কথা বলে, অথবা privacy@place2be.org.uk ইমেইল ঠিকানায় একটি ইমেল পাঠিয়ে যেকোনো সময় আপনার সাবজেক্ট এক্সেস রিকুয়েস্ট করতে পারবেন।.

## 13. আমরা কতদিন আপনার সন্তানের তথ্য সংরক্ষণ করবো?

আমরা আপনার সন্তানের তথ্য 6 বছর যাবত নিরাপদে সংরক্ষণ করি, এবং তারপর এটি ধ্বংস করে ফেলি।

## 14. আপনি যদি আমাদের সার্ভিসের ব্যাপারে অসন্তুষ্ট হন, তবে আপনি কী করতে পারবেন?

আপনি যদি আমাদের সার্ভিসের যে কোনো ব্যাপারে অসন্তুষ্ট হন, তাহলে আপনি আমাদের চিফ ফাইনেন্সিয়েল অফিসারের কাছে লিখিতভাবে অভিযোগ লিখে ইমেইল করে পাঠাতে পারেন, এই ইমেইল ঠিকানা হলোঃ Enquiries@Place2be.org.uk



রাজকীয় পৃষ্ঠপোষক
এইচআরএইচ দ্য ডাচেস অব কেমব্রিজ

নিবন্ধিত অফিস: Place2Be, 175 St John St, Clerkenwell, London EC1V 4LW, 020 7923 5500
ইংল্যান্ড এবং ওয়েলসে নিবন্ধিত দাতব্য সংস্থা (1040756) এবং স্কটল্যান্ডে (SC038649)
ইংল্যান্ড এবং ওয়েলসে নিবন্ধিত কোম্পানি (02876150)

Registered with FUNDRAISING REGULATOR

Classified - General

আপনি যদি আপনার সন্তানের ডাটা কীভাবে পরিচালনা করা হয়, তা নিয়ে অসন্তুষ্ট হন, তাহলে আপনি তাৎক্ষনিকভাবে ডাটা প্রোটেকশন অফিসারের কাছে লিখিত অনুরোধ জানাতে পারেন, এই অভিযোগ পাঠানোর ইমেইল ঠিকানা হলোঃ privacy@place2be.org.uk .

এরপরও যদি আপনি অসন্তুষ্ট থাকেন, তাহলে আপনি ইনফরমেশন কমিশনারের কাছে অভিযোগ করতে পারেন, অভিযোগ পাঠানোর ঠিকানা হলোঃ The Information Commissioner's Office (ICO), Wycliffe House, Water Lane, Wilmslow, Cheshire, SK9 5AF (টেলিফোন: 0303 123 1113; ওয়েবসাইট www.ico.org.uk)

আমরা মনে করি যে, মা-বাবা/কেয়ারার এই চিঠি নিয়ে তাদের সন্তানদের সাথে আলোচনা করবেন, যাতে তারা বুঝতে পারে - কীভাবে এবং কেন তাদের তথ্য সংগ্রহ করা হচ্ছে। শিশুদের জন্য এই শীটের অনুলিপি Place2Talk সেশনেও পাওয়া যাবে।



রাজকীয় পৃষ্ঠপোষক এইচআরএইচ দ্য ডাচেস অব কেমব্রিজ

নিবন্ধিত অফিস: Place2Be, 175 St John St, Clerkenwell, London EC1V 4LW, 020 7923 5500
ইংল্যান্ড এবং ওয়েলসে নিবন্ধিত দাতব্য সংস্থা (1040756) এবং স্কটল্যান্ডে (SC038649)
ইংল্যান্ড এবং ওয়েলসে নিবন্ধিত কোম্পানি (02876150)

Registered with FUNDRAISING REGULATOR

Classified - General